গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫- ৮৩১ তারিখ: ২৫ জুন২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
সভার তারিখ ও সময় : ২৫ জুন ২০২৫ খ্রি. বিকাল- ৩.০০ টা
স্থান : পরিচালকের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | ডি-নথি সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ডি-নথির মাধ্যমে পত্র জারির উপর গুরুত্ব আরোপ করা হয়। | ডি-নথি এর মাধ্যমে পত্রজারীর বিষয়ে সিদ্ধান্ত হয় এবং আগামীকাল ২৬ জুন ২০২৫ তারিখ ডি-নথির মাধ্যমে জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, পরিচালকের একান্ত সহকারী পত্র জারি করবেন। | সংশিষ্ট সকল শাখা, ক্রীড়া পরিদপ্তর |
| ২. | বিভাগীয় মামলা সংক্রান্ত | ১। জনাব মোঃ রেজাউল করিম<br>২। জনাব সম্রাট মন্ডল<br>৩। জনাব মোঃ মাহামুদ হাছান আরজু এর বিভাগীয় মামলা চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৩. | রিট মামলা সংক্রান্ত | ১। আব্দুল আজিজ ও গং<br>২। মোঃ মনজুরুল হাসান ও গং<br>৩। মোহাম্মদ হাছান তারেক<br>৪। নাজমা রশিদ (বাস্তবায়ন মামলা) এর রিট মামলা চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৪. | অডিট আপত্তি সংক্রান্ত | সর্বমোট অডিট আপত্তি ৩৫ টি।<br>মোট টাকার পরিমান- ৩,৭৩,০৯,৩৭৮/- (তিন কোটি তেহাত্তর লক্ষ নয় হাজার তিন শত আটাত্তর) টাকা। | সংশ্লিস্ট সকলের সাথে যোগাযোগ করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মোঃ জহুরুল হক জনি, অ:সহ:কা:ক:মুদ্রা: |
| ৫. | জনবল নিয়োগ | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | BTCL এর সাথে যোগাযোগ করে দ্রুত নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৬. | পদ সৃজন | ক্রীড়া পরিদপ্তরে ICT Cell গঠনের নিমত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কার্যবিবরণী ক্রীড়া পরিদপ্তরে প্রেরন করা হয়। কার্যবিবরণীতে ICT Cell গঠন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ICT Cell গঠনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠাতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৭. | ই-টেন্ডার | সভায় ই-টেন্ডার বিষয়ে জানতে চাওয়া হলে পরিচালকের একান্ত সহকারী জানান যে, ক্রীড়া | ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের E-gp, PPR- | সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিদপ্তরে শুধুমাত্র ক্রীড়া সামগ্রী e-gp এর মাধ্যমে ক্রয় করা হয়। | ২০০৮, D-nothi বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৮. | প্রশিক্ষণ সংক্রান্ত | তথ্য অধিকার আইন (RTI), জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী ধারণা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS), সেবা সহজিকরণ ও বুনিয়াদী, প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | প্রশিক্ষণ নির্ধারিত সময় ও স্থানে সুষ্ঠুভাবে সমপন্ন করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৯. | সিটিজেন চার্টার হালনাগাদ | সিটিজেন চার্টারের বিষয়ে আলোচনা করা হলে পরিচালকের একান্ত সহকারী জানান যে ক্রীড়া পরিদপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। | ক্রীড়া পরিদপ্তর, জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। | অধ্যক্ষ (সকল) সহকারী পরিচালক (সংগঠন) ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ১০. | ওয়েবসাইট হালনাগাদকরণ | ক্রীড়া পরিদপ্তর, সকল জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে আলোচনা হয়।<br>১। জেলা ক্রীড়া অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>২। সরকারি শারীরিক শিক্ষা কলেজে অধ্যয়নরত বিপিএড ও এমপিএড প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ (নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্য) ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। জেলা ক্রীড়া অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২। সরকারি শারীরিক শিক্ষা কলেজে অধ্যয়নরত বিপিএড ও এমপিএড প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | অধ্যক্ষ (সকল) সহকারী পরিচালক (প্রশাসন) ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ১১. | গাড়ি সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর গাড়ি সম্পর্কে জানতে চাওয়া হলে ক্রীড়া পরিদপ্তরের গাড়ি চালক জনাব মোঃ আমির হোসেন জানান গাড়ির নতুন টায়ার লাগাতে হবে। ক্রীড়া পরিদপ্তরের হিসাব শাখায় দায়িত্বরত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ জহুরুল হক জনি জানান ২০২৪-২৫ অর্থবছরে গাড়ির মেরামত বরাদ্দ শেষ এবং জ্বালানী বরাদ্দও প্রায় শেষ পর্যায়। | ক্রীড়া পরিদপ্তরের গাড়ির জ্বালানী ব্যয় সংকোচন করতে হবে এবং জুলাই ২০২৫ মাসে গাড়ির টায়ার পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১২. | অফিস স্থানান্তর | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর অফিস পরিবর্তন সম্পর্কে আলোচনা করেন। সকল কর্মকর্তা ও কর্মচারীগণ বর্তমান কার্যালয় সম্পর্কে অসন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়াও ক্রীড়া পরিদপ্তরের বর্তমান অফিসের ভালো খারাপ দিক নিয়েও আলোচনা হয়। | ১। জুলাই-আগস্ট ২০২৫ মাসের মধ্যে ক্রীড়া পরিদপ্তর প্রধান কার্যালয় পরিবর্তন করতে হবে।<br>২। উপযুক্ত পরিবেশে অফিস স্থানান্তর করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৬.২০২৫

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৮৩১ তারিখ: ২৫ জুন ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ...........................;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব .......................................পদবি: ..............................................;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২৫/০৬/২৫

মোঃ আজিম হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮
ই-মেইল: ada@ds.gov.bd